



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
(আইসিটি শাখা)

www.sirajganj.gov.bd

সেপ্টেম্বর/ ২০২১ মাসের জেলা ইনোভেশন টিমের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. ফারুক আহাম্মদ
তারিখ : ১৯.০৯.২০২১
সময় : বেলা ১২.৩০ ঘটিকা
আলোচ্য মাস : সেপ্টেম্বর/ ২০২১ মাস
স্থান : শহীদ শামসুদ্দীন সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিগত সভার কার্যবিবরণী ও সিদ্ধান্তসমূহ পাঠ করেন এবং কোনো প্রকার সংশোধনী ব্যতিরেকে উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর কর্মসম্পাদনের মাধ্যমে ২০২১ সালের মধ্যে জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ সহজ, স্বচ্ছ ও জবাবদিহিতার ভিত্তিতে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার অভিপ্রায়ে উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণে নিম্নোক্ত বিবেচ্য বিষয়সমূহ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।


আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১. ই-নথি ব্যবহার	জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথির ব্যবহার নিয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এ ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম সফল করতে করণীয় নিয়ে আলোচনা হয়।	ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম সফল করতে প্রশিক্ষণের পর উক্ত অফিস সমূহের ই-নথি কার্যক্রম নিয়মিত তদারকি করার সিদ্ধান্ত হয়।	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ।
০২. করোনাকালীন সময়ে সোশ্যাল মিডিয়া ব্যবহার করে পাঠদান:	করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে অনলাইনে (ক্যাবল টিভি, Facebook এবং Youtube) শিক্ষা কার্যক্রম নিয়ে আলোচনা হয়।	জেলা শিক্ষা অফিসার এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার অনলাইনে পাঠদান নিশ্চিত করার উদ্যোগ ত্বরান্বিত করবেন।	জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
০৩. ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রেরিত ৫৬.৪২.০০০০.০১৩.৯৯.০০১.২১.২১ নং স্মারক অনুযায়ী এ জেলাধীন সকল সরকারি দপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ ও প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রেরিত উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী একটি কর্মপরিকল্পনা গৃহীত হয়। (পরিকল্পনা সংযুক্ত)	০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ।
০৪. শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইলেকট্রনিক যন্ত্রপাতি পরিদর্শন	করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন ইলেকট্রনিক যন্ত্রপাতি পরিদর্শন বিষয়ে আলোচনা করা হয়।	মহামারী করোনা ভাইরাস পরবর্তী সময়ে স্কুল কলেজ খুললে যেনো মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু করা যায় এজন্য শেখ রাসেল ডিজিটাল ল্যাবসহ শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন ইলেকট্রনিক যন্ত্রপাতি নিয়মিত পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ। ০২. জেলা শিক্ষা অফিসার সিরাজগঞ্জ।
০৫. উপজেলা ইনোভেশন টিম সংক্রান্ত	উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা করতে হবে।	উপজেলা ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিরাজগঞ্জ।

জেলা পর্যায়ের তথ্য বাতায়ন হালনাগাদকরণের পরিকল্পনা

ক্রমিক নং	বিষয়	অগ্রগতি
১	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত 'জেলা পর্যায়ে পোর্টালের মেনু ও সেবাবক্স কাঠামো গাইডলাইন' অনুযায়ী জেলা পোর্টালের মেনু ও সেবাবক্স তৈরী করা হয়েছে কিনা তা নিশ্চিত করা	কার্যক্রম সম্পন্ন হয়েছে।
২	জেলা পোর্টাল এর Broken এবং No data লিংকের সংখ্যা শূন্য করা	কার্যক্রম সম্পন্ন হয়েছে।
৩	জেলা পর্যায়ের তথ্য বাতায়ন প্রশিক্ষণের জন্য ৫০ টি দপ্তর হতে প্রতিনিধি মনোনয়ন চেয়ে পত্র প্রেরণ	কার্যক্রম সম্পন্ন হয়েছে।
৪	উপজেলা পর্যায়ের তথ্য বাতায়ন প্রশিক্ষণের জন্য বরাদ্দকৃত অর্থ প্রেরণ এবং নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের জন্য পত্র প্রেরণ	কার্যক্রম সম্পন্ন হয়েছে।
৫	মনোনীত প্রতিনিধিদের মুক্তপাঠের https://www.muktopaath.gov.bd/ সাইটে রেজিস্ট্রেশন করে অনলাইনে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করে সার্টিফিকেট সংগ্রহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট সংগ্রহ করা হয়েছে।
৬	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত গাইডলাইন অনুযায়ী সকল দপ্তর তাদের মেনু ও সেবাবক্স তৈরী করেছে কিনা তা নিশ্চিত করা	কার্যক্রম চলমান রয়েছে।
৭	মুক্তপাঠের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের পর বিভিন্ন দপ্তর হতে মনোনীত প্রতিনিধি কর্তৃক নিজ অফিসের তথ্য বাতায়নের নির্ধারিত কন্টেন্ট আপডেট	কার্যক্রম চলমান রয়েছে।
৮	জেলা পোর্টাল এর বিভিন্ন মেনু, সাবমেনু ও সেবাবক্সের লিংকসমূহ যাচাই করে তথ্য হালনাগাদকরণ	কার্যক্রম সম্পন্ন হয়েছে।
৯	মুক্তপাঠের অনলাইন প্রশিক্ষণ গ্রহণের পর সকল অফিসের সংশ্লিষ্ট প্রতিনিধির সার্টিফিকেট সংগ্রহ করে এটু আই nationalportal@a2i.gov.bd এবং ziaur.rahman@a2i.gov.bd মেইলে প্রেরণ	কার্যক্রম চলমান রয়েছে।
১০	জেলা ও উপজেলার বাতায়নসহ সংশ্লিষ্ট জেলা ও উপজেলার সরকারি অফিসের বাতায়ন বাংলার পাশাপাশি ইংরেজিতে হালনাগাদকরণ	কার্যক্রম চলমান রয়েছে।

জনপ্রশাসনে টেকসই উদ্ভাবন চর্চার সংস্কৃতির সূচনা করার ক্ষেত্রে 'পটুয়াখালী জেলা ইনোভেশন টিম'-কে ইতিবাচক ভূমিকা রাখার লক্ষ্যে বছরব্যাপী সক্রিয় কার্যক্রম গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


ড. ফারুক আহাম্মদ

জেলা প্রশাসক

ও

সিরাজগঞ্জ।

ফোন: ০৭৫১-৬২৩৮৫


তারিখ: ০৬ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২১ খ্রি:

স্মারক নম্বর: ০৫.৪৩.৮৮০০.০২৩.৩৫.০৫.১৫- ২২৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩. জাতীয় প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪. পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
০৫. উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), সিরাজগঞ্জ।
০৬. উপ-মহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, সিরাজগঞ্জ।
০৭. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিরাজগঞ্জ।
০৮. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সিরাজগঞ্জ।
০৯. জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
১০. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।

১১. ... ২২/৯/২১ ... (জেলা চে) ও উপজেলা প্রশাসক


২২-৯-২০২১

অতিরিক্ত জেলা প্রশাসক
(শিক্ষা ও আইসিটি)
সিরাজগঞ্জ।